

ডকেট নং ১৪ ২৫৮
তারিখ: ০৪/৪/২২

জনরী
সংগৃহীত আঁকা
পি. এইচ. স্টেট অফিসে আইপিটি।
আমেরিকা প্রেস লিমিটেড
তারিখের মধ্যে উৎসুকন করুন।
নথিভুক্ত করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিমিতি বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিকারী
www.cabinet.gov.bd

ନୟର: ୦୮.୦୦.୦୦୦୦.୫୧୪.୧୬.୦୦୩.୨୦.୧୧୧

তারিখ: ২১ জ্য৷ ১৪২৭
০৪ এপ্রিল ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিশ্বার রোধকের শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা
আরোপ

করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গত ২৯ মার্চ ২০২১ তারিখের ০৩.০০, ২৬৯০, ০৮২, ৪৬, ০২৫, ২০২১, ১২৪ নম্বর স্মারকে ১৮ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ০৫ এপ্রিল ২০২১ তোর ৬,০০টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত মেয়াদে প্রতিপালনের জন্য নিয়োজিত নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) সকল প্রকার গণপরিবহন (সড়ক, নৌ, রেল ও অভ্যন্তরীণ ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এছাড়া, বিদেশগামী/বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না;

(খ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-গ্রাম বিভরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (ফ্লেবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাশ্চর্যীয় পণ্য ও সেবার সঙ্গে সংঘটিষ্ঠ অফিসসমূহ তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(গ) সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত অফিস ও আদালত এবং বেসরকারি অফিস কেবল জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবলকে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় অফিসে আনা-নেওয়া করতে পারবে। শিল্প-কারখানা ও নির্মাণ কার্যাদি চালু থাকবে। শিল্প-কারখানার শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া করতে হবে। বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক শিল্প-কারখানা এলাকায় নিকটবর্তী সুবিধাজনক স্থানে তাদের শ্রমিকদের জন্য ফিল্ড হাসপাতাল/চিকিৎসার ব্যবস্থা করতে হবে;

(ঘ) সক্ষা ৬,০০টা থেকে ভোর ৬:০০টা পর্যন্ত অতি জরুরি প্রয়োজন ব্যৱtাত (ঔষধ ও নিয়ত প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সংকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না;

(ঙ) খাবারের দোকান ও হোটেল-রেসোর্টের কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। কোনো অবস্থাতেই হোটেল-রেসোর্টের বসে খাবার গ্রহণ করা যাবে না;

(চ) শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে। তবে দোকানসমূহ পাইকারি ও খুচরা পণ্য Online-এর মাধ্যমে ক্রয়-বিক্রয় করতে পারবে। সেক্ষেত্রে অবশ্যই সর্বাবস্থায় কর্মচারীদের মধ্যে আবশ্যিক স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং কোনো ক্ষেত্রে স্বশরীরে যেতে পারবে না;

(ছ) কাঁচাবাজার এবং নিয়তপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৮:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(জ) ব্যাংকিং ব্যবস্থা সীমিত পরিসরে চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;


(ঝ) সশস্ত্র বাহিনী বিভাগ ঢাকায় সুবিধাজনক স্থানে ফিল্ড হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ঝঃ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে; এবং

(ট) এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



- ৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৪।০৪।১০২৩
(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)

উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

নথর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

২১ চৈত্র ১৪২৭
তারিখ: ০৪ এপ্রিল ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও কার্যালয়ে

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২। বিভাগীয় কমিশনার (সকল)
- ৩। জেলা প্রশাসক (সকল)
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর-নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা
রাজশাহী বিভাগ, রাজশাহী।



স্মারক নং-ডিডিপ্রাই/রাবিৰা/এফ-পৃষ্ঠাংকন/২০২১/ ৮২১/১১

তারিখঃ-৪ এপ্রিল, ২০২১

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ০১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) অঞ্চল বিভাগ।
মূল পত্রের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের শর্তগুলো প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা এহণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল) অঞ্চল বিভাগ।
মূল পত্রের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের শর্তগুলো প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা এহণের জন্য অনুরোধ করা হলো।

আবুল কালাম আজাদ)

বিভাগীয় উপপরিচালক

০৭২১-৭৭৫৫৮৭

E-Mail: ddrajsh@gmail.com

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ০২। সংরক্ষণ নথি।